গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০০৪.১৪-৭১১

তারিখ: ১৮ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ
০১ জানুয়ারী, ২০১৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ২২/০৫/২০১৪ তারিখে ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৮৫৬/২০১৪/১৩৩ ও ১৩২ নং স্মারক এবং ২৭/০৪/২০১৪ তারিখে ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৮৫০/২০১৪/১১১ ও ১১২ নং স্মারকে বর্ণিত সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর (নন-টেক/রসায়ন/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/পদার্থ) স্থায়ী পদে নিম্নোক্ত প্রার্থীদেরকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ১৮৫০০-৮০০x১৪-২৯৭০০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে নিয়োগ করা হলোঃ

(ক) তাঁকে নায়েম অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

(খ) তাঁকে ০২ বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি ইস্তফা প্রদান করে তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়টি সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(ঞ) The Government Servants (Conduct) Rules ১৯৭৯ এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

(ট) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ মাঘ ১৪২১ বঙ্গাব্দ/ ১৪ জানুয়ারী, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাহ্নে নিম্নরূপভাবে তার নামের পাশে বর্ণিত পদে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা # ০২

০৩। নিম্নে নিয়োগকৃতদের নাম, ঠিকানা ও পদবী উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদ
১।	নাম- আরিফা আক্তার পিতা- মোঃ আলিবুদ্দিন মাতা- মোছাঃ ফিরোজা খাতুন	১০৬/৬ কলেজ পাড়া পশ্চিম চতর (বি.ও.এফ কলেজ গেট সংলগ্ন) বি.ও.এফ গাজীপুর ক্যান্ট-১৭০৩, গাজীপর সদর, গাজীপুর।	"চিফ ইন্সট্রাক্টর (নন-টেক/রসায়ন)"
২।	নাম- আমিনুর পিতা- ইসমাইল হোসেন মাতা- আম্বিয়া বেগম	গ্রামঃ দুয়াইর, ডাকঃ মানাইর হাট উপজেলাঃ ভাংগা, জেলাঃ ফরিদপুর	"চিফ ইন্সট্রাক্টর (নন-টেক/হিসাব বিজ্ঞান)"
৩।	নাম- জনাব মোহাম্মদ সাজজাদ মুফতী পিতা- মুফতী মোহাম্মদ ইব্রাহিম মাতা- সাদিকা খাতুন	১২১, মধ্য পিরেরবাগ, ডাকঃ মিরপুর উপজেলাঃ মিরপুর, জেলাঃ ঢাকা।	"চিফ ইন্সট্রাক্টর (ননটেক / ব্যবস্থাপনা)"
৪।	নাম- নাজমুন নাহার পিতা- মো: নূরুল হক মাতা- মিসেস রাজিয়া হক	বাসা নং-৪২, মহল্লা শান্তিনগর গ্রামঃ জয়পুরহাট, ডাকঃ জয়পুরহাট, উপজেলাঃ জয়পুরহাট, জেলাঃ জয়পুরহাট	"চিফ ইন্সট্রাক্টর (নন টেক/ পদার্থ)"

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০০৪.১৪-৭১১

তারিখ: ১৮ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ
০১ জানুয়ারী, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ...।
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক...।
১২। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..।
১৩। জনাব ....
....।
১৪। যুগ্ম-সচিব (কারিগরি ও মাদ্রাসা) ও উইং প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব